অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 5/11/2023 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল নিউ ইয়র্ক স্টেটজুড়ে পরিষ্কার পানির ব্যবস্থা এবং স্থানীয় খাবার পানি অবকাঠামো প্রকল্পসমূহে 51 মিলিয়ন মার্কিন ডলারের অনুমোদনের ঘোষণা করলেন

প্রস্তাবিত বন্ড বিক্রয়ের মোট হচ্ছে 572 মিলিয়ন মার্কিন ডলারের বেশি যা একাধিক সম্পূর্ণ প্রকল্পের রিফাইন্যান্সিংয়ের মাধ্যমে নিউ ইয়র্ক সিটির হার প্রদানকারীদের আনুমানিক 22 মিলিয়ন মার্কিন ডলার সাশ্রয় করবে

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে এনভায়রনমেন্টাল ফ্যাসিলিটিজ কর্পোরেশনের (Environmental Facilities Corporation, এফসি) পরিচালনা পর্ষদ (Board of Directors) 51 মিলিয়ন মার্কিন ডলারের অনুমোদন দিয়েছে যার মধ্যে রয়েছে কম খরচে অর্থায়ন এবং পূর্বে ঘোষিত অনুদানসমূহ। বোর্ডের পদক্ষেপ অতি গুরুত্বপূর্ণ পানি ও সিউয়ার অবকাঠামো প্রকল্পসমূহ, যার মধ্যে রয়েছে সীসার সেবা সংযোগ প্রতিস্থাপন, খাবার পানি থেকে উদীয়মান দূষক অপসারণ করার জন্য পরিশোধন প্রক্রিয়া এবং বয়িষ্ণু ব্যবস্থার আধুনিকায়ন, সেগুলিকে অগ্রসর করার জন্য মিউনিসিপ্যালগুলির মূলধন পাওয়ার সুযোগ অনুমোদিত করে।

এছাড়াও বোর্ড নিউ ইয়র্ক সিটি মিউনিসিপ্যাল পানি অর্থায়ন কর্তৃপক্ষের (New York City Municipal Water Finance Authority, NYCMWFA) জন্য 572,575,000 মার্কিন ডলারের একটি অর্থায়নের অনুমোদন দিয়েছে যা 11টি NYCMWFA বর্জ্যপানি ও খাবার পানি প্রকল্পের জন্য স্বল্প মেয়াদের অর্থায়নকে রিফাইন্যান্স করবে এবং পূর্বে NYCMWFA প্রকল্পের অর্থায়ন করা EFC বন্ডের রিফান্ড দান করবে। অনুমান করা যাচ্ছে যে এই রিফান্ডের ফলে নিউ ইয়র্ক সিটির হার প্রদানকারীগণ আগামী 10 বছরে আনুমানিক 22 মিলিয়ন মার্কিন ডলার সাশ্রয় করবে।

"পানির ব্যবস্থা হালনাগাদ করতে এবং পানির মান উন্নত করতে সম্প্রদায়সমূহকে প্রয়োজনীয় সংস্থান প্রদান করার ব্যাপারে নিউ ইয়র্ক প্রতিশ্রুতিবদ্ধ," **গভর্নর হোকল বলেন।** "আমাদের বাসিন্দাদের স্বাস্থ্য ও নিরাপত্তা রক্ষা করতে, আমাদের পরিবেশ সংরক্ষণ করতে, এবং নিরাপদ, নির্ভরযোগ্য এবং পরিষ্কার পানি পাওয়ার সুযোগ দিয়ে সকলের জীবনযাত্রার মান উন্নত করতে সাহায্য করার জন্য আমরা এই বছরের বাজেটে পরিষ্কার পানির অবকাঠামোতে 500 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ প্রদান করে আমাদের দেশের সেরা পরিষ্কার পানির বিনিয়োগ অব্যাহত রেখেছি।"

এনভায়রনমেন্টাল ফ্যাসিলিটিজ কর্পোরেশনের প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা মরিন এ. কোলম্যান বলেন, "রিফান্ড লেনদেনের ব্যাপারে আজকের ঘোষণা পানির অবকাঠামো বিনিয়োগের জন্য সংস্থানের সর্বোচ্চ ব্যবহার করতে EFC এর সক্রিয় পন্থাকে তুলে ধরেছে। লেনদেনের ফলে আমাদের সর্ববৃহৎ ঋণগ্রহীতাদের একজন সুদের হারে ত্রাণ লাভ করবে। পরিষ্কার পানির প্রতি গভর্নর হোকলের প্রতিশ্রুতি এবং EFC এর পরবর্তী অনুদান তহবিলের জন্য 425 মিলিয়ন মার্কিন ডলার উপলভ্য করার জন্য EFC তাকে ধন্যবাদ জানাচ্ছে। অনুদান তহবিলের এই রাউন্ডটি 2022 সালের নভেম্বর মাসে ভোটারদের অনুমোদিত এনভায়রনমেন্টাল বন্ড অ্যাক্টের দ্বারা প্রদান করা হচ্ছে। পানি অবকাঠামো চাহিদাসহ সম্প্রদায়সমূহকে শেষ তারিখ 28 জুলাইয়ের মধ্যে আবেদন করার জন্য এবং সহায়তা প্রয়োজন হলে আমাদের সম্প্রদায়ের সহায়তা দলসমূহের সাথে যোগাযোগ করার জন্য আমরা উৎসাহিত করছি।"

পরিবেশ সংরক্ষণ বিভাগের (Department of Environmental Conservation, DEC) কমিশনার এবং EFC বোর্ডের প্রধান ব্যাসিল সেগোস বলেন, "নিউ ইয়র্কের পানির মান সুরক্ষা করা হলো গভর্নর হোকলের শীর্ষ অগ্রাধিকারসমূহের মধ্যে একটি। তার নেতৃত্বাধীনে এবং এই বছরের স্টেট বাজেটে পানির মানের অর্থায়নে আরো বর্ধিত সমর্থন নিয়ে নিউ ইয়র্ক স্টেটজুড়ে অতি গুরুত্বপূর্ণ পানির অবকাঠামোর উন্নয়ন, মেরামত, এবং প্রতিস্থাপন করার প্রকল্পে বিনিয়োগ করার এবং জনগণ, পরিবেশ, ও আমাদের অর্থনীতির জন্য ক্ষতিকর হতে পারে এমন দূষণ থেকে সম্প্রদায়সমূহকে রক্ষা করার প্রতিশ্রুতি বহাল রেখেছে।"

স্টেটের ভারপ্রাপ্ত স্বাস্থ্য কমিশনার ডাঃ জেমস ম্যাকডোনাল্ড বলেন, "নিউ ইয়র্কের সম্প্রদায়সমূহকে তাদের খাবার পানির নজরদারি ও নিরাপদ রাখার সংস্থান দিয়ে সহায়তা করার ব্যাপারে গভর্নর হোকলের অবিচল প্রতিশ্রুতির জন্য আমি কৃতজ্ঞ। এনভায়রনমেন্টাল ফ্যাসিলিটিজ কর্পোরেশনের অনুমোদিত 51 মিলিয়ন মার্কিন ডলার পেয়ে স্থানীয় সরকারসমূহ তাদের খাবার পানির অবকাঠামোর অতি গুরুত্বপূর্ণ হালনাগাদকরণের কাজ সম্পূর্ণ করতে পারবে, এবং তাদের বাসিন্দাদের স্বাস্থ্য ও নিরাপত্তা আরো ভালোভাবে সুরক্ষিত রাখতে পারবে।"

স্টেটের সচিব রবার্ট জে. রড্রিগেজ বলেন, "স্টেটের পানির অবকাঠামোকে স্থানীয় সরকারসমূহের জন্য আরো সাশ্রয়ী করতে সাহায্য করার জন্য অতি প্রয়োজনীয় তহবিল প্রদান করার ব্যাপারে নিউ ইয়র্ক দেশের শীর্ষেই আছে। এনভায়রনমেটনাল ফ্যাসিলিটিজ কর্পোরেশনের 51 মিলিয়ন মার্কিন ডলারের অনুমোদন স্থিতিস্থাপকতা জোরদার করা, জলবায়ু পরিবর্তনের মোকাবেলা করা এবং আগামী প্রজন্মসমূহের জন্য পরিবেশগতভাবে সংহত সম্প্রদায় গঠনে সাহায্য করবে এবং সবুজ কর্মসংস্থান সৃষ্টি করতে সর্বাপেক্ষা আধুনিক অবকাঠামো তৈরির জন্য সংস্থান পাওয়ার সুযোগ প্রদান করবে।"

অনুমোদিত পরিষ্কার পানির প্রকল্পে অর্থায়ন

- **নিউ ইয়র্ক মিউনিসিপ্যাল পানির অর্থায়ন কর্তৃপক্ষ এবং নিউ ইয়র্ক সিটি পরিবেশ সুরক্ষা বিভাগ** - নিম্নলিখিত প্রকল্পসমূহের জন্য 80,225,467 মার্কিন দলের, দীর্ঘমেয়াদি, লেভারেজসহ অর্থায়ন:

- ওয়ার্ডস আইল্যান্ড পানি দূষণ নিয়ন্ত্রণ প্ল্যান্টের চূড়ান্ত সেটলিং ট্যাঙ্ক পুনর্গঠন
- বোয়ারি বে পানি দূষণ নিয়ন্ত্রণ প্ল্যান্টের পাওয়ার বিতরণ ব্যবস্থার হালনাগাদকরণ
- টলম্যান আইল্যান্ড পানি দূষণ নিয়ন্ত্রণ প্ল্যান্টের পর্যায় একের জৈবিক দূষক অপসারণের জন্য হালনাগাদকরণ
- বিভিন্ন পানি দূষণ নিয়ন্ত্রণ প্ল্যান্টের পর্যায় একের জৈবিক দূষক অপসারণের জন্য কার্বন সংযোজন
- রকঅ্যাওয়ে WWTP লেভেল 1 এর জৈবিক দূষক অপসারণের জন্য হালনাগাদকরণ
- ইনার হারবার সম্মিলিত সিউয়ার ওভারফ্লো গোয়ানাস পাম্প স্টেশন এবং ফ্লাশিং টানেল পুনর্গঠন
- মেইন সিউয়েজ পাম্পের কনি আইল্যান্ড দূষণ নিয়ন্ত্রণ প্ল্যান্ট প্রতিস্থাপন
- নর্থ রিভার পানি দূষণ নিয়ন্ত্রণ প্ল্যান্ট কোজেনারেশন এবং বৈদ্যুতিকরণ প্রকল্প
- কনি আইল্যান্ড এবং নর্থ রিভার পানি দূষণ নিয়ন্ত্রণ প্ল্যান্টের মোট ক্লোরিন হ্রাস

অনুমোদিত সুপেয় পানির প্রকল্পে অর্থায়ন

- **অ্যাভরিল পার্ক সেন্ট্রাল স্কুল জেলা, রেনসেলার কাউন্টি** - অ্যালগোনকুইন মিডল স্কুলের PFAS পরিশোধনের জন্য দানাদার সক্রিয় কার্বন ভেসেল স্থাপন করতে 90,000 মার্কিন ডলার পানি অবকাঠামো উন্নয়ন অ্যাক্ট (Water Infrastructure Improvement Act, WIIA) অনুদান
- **বেথপেজ পানি জেলা, নাসাউ কাউন্টি** - নাইট্রেট এবং পারক্লোরেট অপসারণের জন্য একটি আয়ন বিনিময় ব্যবস্থা স্থাপন করার জন্য, এবং 1,4-ডায়োক্সেন অপসারণের জন্য একটি আধুনিক অক্সিডাইজেশন প্রক্রিয়ার পরিশোধন স্থাপন করার জন্য 3 মিলিয়ন মার্কিন ডলার WIIA অনুদান।
- **হিকসভিল পানি জেলা, নাসাউ কাউন্টি**

  - 1,4-ডায়োক্সেন, পারফ্লুরোঅক্টেনয়িক এসিড (perfluorooctanoic acid, PFOA), এবং পারফ্লুরোঅক্টেনিসালফোনিক এসিড (perfluorooctanesulfonic acid, PFOS) অপসারণ করার জন্য প্ল্যান্ট নম্বর 9 এ একটি আধুনিক অক্সিডাইজেশন প্রক্রিয়া এবং দানাদার সক্রিয় কার্বন পরিশোধন ব্যবস্থা স্থাপন করার জন্য 8,927,400 মার্কিন ডলার WIIA অনুদান।
  - 1,4-ডায়োক্সেন, PFOA এবং PFOS অপসারণ করার জন্য প্ল্যান্ট নম্বর 5 এ আধুনিক অক্সিডাইজেশন প্রক্রিয়া এবং দানাদার সক্রিয় কার্বন পরিশোধন ব্যবস্থা স্থাপন করার জন্য 5,651,400 মার্কিন ডলার WIIA অনুদান।

- **নর্থ কান্ট্রি বিকাশ কর্তৃপক্ষ, জেফার্সন কাউন্টি** - আনুমানিক 13,000 সরল ফুট বিদ্যমান ট্রান্সমিশন মেইন এবং সংশ্লিষ্ট অ্যাপার্টেন্যান্সের প্রতিস্থাপনের জন্য স্বল্প মেয়াদে বাজারদরে অর্থায়নের জন্য 12,485,771 মার্কিন ডলার।
- **কিংস্টোন সিটি, আলস্টার কাউন্টি** - কুপার লেক বাঁধ এবং রিজার্ভয়েরের পুনর্বাসন এবং একটি নতুন ইনটেক কাঠামো ও সংশ্লিষ্ট পাইপিংয়ের নির্মাণের জন্য 16,420,000

মার্কিন দলের স্বল্প মেয়াদে বাজারদরে অর্থায়ন এবং 3,000,000 মার্কিন ডলার WIIA অনুদান।

- **রেড হুক ভিলেজ, ডাচেস কাউন্টি** - কুয়া #4 এর ডিকমিশনিং, গ্রেভস এবং চেরি স্ট্রিটের আনুমানিক 2,400 লিনিয়ার ফুট ওয়াটারমেইন, হাইড্রেন্ট, এবং সীসার সেবা সংযোগ প্রতিস্থাপন, টাওয়ার স্ট্রিটের শেষ প্রান্তে 225,000 গ্যালন পানির টাওয়ারের অভ্যন্তরীণ সংস্কার, গ্রাম ও শহরের পানির ব্যবস্থার মধ্যকার আন্তঃসংযোগে একটি বুস্টার পাম্প সংযোজন করা, এবং পানি পরিশোধনাগারের নিয়ন্ত্রণ ব্যবস্থা প্রতিস্থাপন করার জন্য স্বল্প মেয়াদে, বাজার দরে 720,000 মার্কিন ডলার অর্থায়ন এবং 1,080,000 মার্কিন ডলার WIIA অনুদান।
- **নিউ ইয়র্ক সিটি মিউনিসিপ্যাল পানি অর্থায়ন কর্তৃপক্ষ এবং নিউ ইয়র্ক সিটি পরিবেশ সংরক্ষণ বিভাগ**

  - ক্রোটন পানি ফিলট্রেশন প্ল্যান্ট এবং সংশ্লিষ্ট ফ্যাসিলিটিজের নকশা ও নির্মাণের জন্য 22,000,000 মার্কিন ডলার দীর্ঘমেয়াদি লেভারেজ করা অর্থায়ন।
  - কুইন্সের স্টেজ 2 এর সিটি টানেল নম্বর 3 এর অংশ, 17B-1 এবং 18B-1 শ্যাফটের খনন ও নির্মাণের জন্য 100,000,000 মার্কিন ডলার দীর্ঘমেয়াদি লেভারেজ করা অর্থায়ন।

পানির মানের প্রতি নিউ ইয়র্কের প্রতিশ্রুতি
নিউ ইয়র্ক পরিষ্কার পানি অবকাঠামোতে এর বিনিয়োগ বৃদ্ধি করা অব্যাহত রেখেছে। গভর্নর হোকলের নেতৃত্বাধীনে, 2024 অর্থবছরের বাজেটে পানি অবকাঠামোর জন্য আরো 500 মিলিয়ন মার্কিন ডলার তহবিল রয়েছে, যার ফলে পানি অবকাঠামোতে নিউ ইয়র্কের মোট বিনিয়োগ হবে 5 বিলিয়ন মার্কিন ডলার। এইসব বিনিয়োগকে কাজে লাগানোর জন্য এবং স্থানীয় সরকারসমূহের সাথে চলমান সমন্বয় অব্যাহত রাখার জন্য, ক্ষুদ্র, গ্রামীণ ও সুবিধাবঞ্চিত সম্প্রদায়সমূহকে নিজেদের পরিষ্কার পানি অবকাঠামো চাহিদা পূরণ করার জন্য আর্থিক সহায়তা পেতে তাদের সাহায্য করার জন্য সম্প্রদায়ের সহায়তা দলসমূহ (Community Assistance Teams, CAT) সক্রিয় আউটরিচ প্রদান করছে।উদ্যোগটি সম্প্রতি শুরু করা হয়েছে এবং আউটরিচ বৈঠকসমূহ চলছে। যেসকল সম্প্রদায়ের তাদের পানির অবকাঠামো চাহিদা পূরণে সাহায্য প্রয়োজন, তাদেরকে efc.ny.gov/CAT তে EFC এর সাথে যোগাযোগ করার জন্য উৎসাহিত করা হচ্ছে।

4.2 বিলিয়ন মার্কিন ডলারের পরিষ্কার পানি, পরিষ্কার বায়ু এবং সবুজ কর্মসংস্থানের পরিবেশগত বন্ড অ্যাক্টটি 2022 এর (Clean Water, Clean Air, and Green Jobs Environmental Bond Act) ভোটারদের অনুমোদন পেয়েছে, যার ফলে বয়িষ্ণু পানি অবকাঠামোর উন্নয়ন এবং পানির মান রক্ষা, সম্প্রদায়সমূহের চরম ঝড় ও বন্যা সহ্য করার ক্ষমতা জোরদার করা, বায়ু দুষ হ্রাস করা এবং জলবায়ু পরিবর্তনকারী নিঃসরণ হ্রাস করা, প্রাণীর আবাসস্থলের পুনর্বাসন করা, আউটডোর স্থান ও স্থানীয় খামার সংরক্ষণ করা এবং 40 শতাংশ লক্ষ্য নিয়ে, সংস্থানের কমপক্ষে 35 শতাংশ সুবিধাবঞ্চিত সম্প্রদায়সমূহে বিনিয়োগ করে সমতা নিশ্চিত করার জন্য অতিরিক্ত ঐতিহাসিক মাত্রার তহবিল প্রদানের কাজ অগ্রসর করা হবে। বিশ্ব সপ্তাহের সময়, গভর্নর হোকল বন্ড অ্যাক্ট তহবিলের প্রথম উপলভ্যতা ঘোষণা করেন, যা স্টেটের বিদ্যমান অর্থায়নের উৎসের সাথে যুক্ত

হয়ে স্টেটের পানি অনুদান তহবিলে মোট 425 মিলিয়ন মার্কিন ডলার উপলভ্য করবে। 28 জুলাইয়ের মধ্যে আবেদন জমা দিতে হবে এবং আরো তথ্য https://efc.ny.gov/wiia এ পাওয়া যাবে।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এগজিকিউটিভ চেম্বার |press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন